JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/29/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

মেট্রপোলিটান ট্রান্সপোর্ট অথরিটি (METROPOLITAN TRANSPORTATION AUTHORITY, MTA) চেয়ারম্যান ও বোর্ডের সদস্যবৃন্দের মনোনয়ন ঘোষণা করেছেন গভর্নর কুওমো

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একজন নতুন MTA চেয়ারম্যান, নাসাউ কাউন্টির প্যাট্রিক জে ফয়ের মনোনয়ন এবং বোর্ডের চার সদস্যের মনোনয়ন ঘোষণা করেন। MTA-র সংস্কার ও অর্থায়নের গভর্নরের প্রস্তাবটি MTA বোর্ডের বিস্তৃত দায়িত্বের সমাধান করার জন্য একটি পরিমাপ অন্তর্ভুক্ত করে যাতে নিয়োগগুলি নির্বাচিত কর্মকর্তার মেয়াদকালের সাথে সঙ্গতিপূর্ণ হয়। কুইন্স কাউন্টির হাইদা মিহাল্টসিস এবং কিংস কাউন্টির মাইকেল লিন্টন গভর্নর কুওমোর নিয়োগের দায়িত্ব পালন করবেন। ওয়েস্টচেস্টার কাউন্টির রন্ডা হারম্যান এবং সাফোক কাউন্টির কেভিন ল্যকে যথাক্রমে ওয়েস্টারচেস্টার কাউন্টি ও সাফোক কাউন্টি সুপারিশ করেছে।

"আমি MTA-র আমলাতন্ত্রের সংস্কারের একটি বিস্তৃত পরিকল্পনা ছাড়া একটি বাজেট পাস করব না এই প্রতিজ্ঞা করেছিলাম", **গভর্নর কুওমো বলেন।** "MTA-র একটি বোর্ড দরকার যা ট্রানজিট সিস্টেমটি তত্বাবধান ও পরিচালনা করবে যাতে এটি তার আরোহীদের সেরা পরিষেবা প্রদান করতে পারে, এবং MTA-র সংস্কার পরিকল্পনার এই গুরুত্বপূর্ণ উপাদানটি নিউ ইয়র্কবাসীদের যে অতুলনীয় দায়বদ্ধতা প্রাপ্য তা নিশ্চিত করবে। আমি বিদায়ী সদস্যদের তাদের পরিষেবা এবং আমাদের স্টেটের ট্রানজিট নেটওয়ার্কের উন্নতির প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতার জন্য ধন্যবাদ জানাবো।"

প্যাট্রিক জে. ফয়ে

2017 সালের আগস্ট মাসে মিঃ ফয়েকে মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথরিটির সভাপতি নিয়োগ করা হয়, যেখানে তিনি প্রধান উদ্ভাবনী ও আধুনিকায়ন উদ্যোগের নেতৃত্ব দেন এবং সংস্থার প্রতিদিনের ব্যবস্থাপনাকে সহায়তা প্রদান করেন। পূর্বে 2010 থেকে 2012 সাল পর্যন্ত তিনি MTA বোর্ডের সদস্য হিসাবে কাজ করেছিলেন। MTAতে যোগদান করার আগে, নভেম্বর 2011 থেকে আগস্ট 2017 পর্যন্ত ছয় বছরের জন্য মিঃ ফয়ে নিউইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষের (Port Authority of New York and New Jersey) নির্বাহী পরিচালক হিসাবে নেতৃত্ব প্রদান করেন, সেই সময় তিনি পোর্ট অথোরিটি অফ ট্রান্স-হাডসন (Port Authority Trans-Hudson, PATH) এর সভাপতি হিসাবেও দায়িত্ব পালন করেন। পোর্ট অথরিটিতে তিনি দ্বি-রাষ্ট্র এজেন্সির দৈনন্দিন ক্রিয়াকলাপ পরিচালনা করেন এবং এজেন্সির দশ বছরের 32.2 বিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল প্ল্যানের উন্নয়ন পরিচালনা করেন, এবং তার সাথে দেশের অন্যতম উল্লেখযোগ্য P3 লেনদেনের তত্বাবধান করেন, লাগার্ডিয়া বিমানবন্দর এবং নতুন গোয়েথালস সেতু পূণঃনির্মাণ সহ।

মিঃ ফয়ে ফেব্রুয়ারী 2011 থেকে নভেম্বর 2011 পর্যন্ত গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোর অর্থনৈতিক উন্নয়নের ডেপুটি সেক্রেটারি হিসাবে দায়িত্ব পালন করেন, অর্থনৈতিক পুনরুদ্ধার, বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টি, এবং এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট কর্পোরেশনের (Empire State Development Corporation) তত্ত্বাবধানে পরিচালনার উদ্যোগের ব্যবস্থাপনা করেন। এর আগে মিঃ ফয়ে স্ক্যাডেন আর্প্সের (Skadden Arps) মার্জারস অ্যান্ড অ্যাকুইজিশন্স অংশীদার ছিলেন এবং সংস্থার ব্রাসেলস, বুদাপেস্ট এবং মস্কো অফিসের ম্যানেজিং পার্টনার ছিলেন।

হায়দা বি. মিহাল্টসেস

মিস মিহাল্টসেস, বর্তমানে নিউ ইয়র্ক মেটসের (New York Mets) বৈদেশিক বিষয়াবলি ভাইস প্রেসিডেন্ট, তিনি 2014 সালে সংস্থায় যোগদান করেন। তিনি সিটি, স্টেট এবং ফেডারেল কর্মকর্তাদের সঙ্গে মেটসের প্রধান যোগাযোগকারী এবং সমাজের স্টেকহোল্ডারদের সঙ্গে সম্পর্কের তত্ত্বাবধান করেন। পূর্বে মিসেস মিহাল্টসেস মেয়র মাইকেল আর. ব্লুমবার্গের প্রশাসনে আন্তঃসরকার বিষয়ক পরিচালক হিসাবে বারো বছর অতিবাহিত করেছিলেন। মেয়রের কার্যালয়ে যোগদান করার পূর্বে হাইদা নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের অর্থ বিভাগে (New York City Council's Finance Division) প্রাক্তন স্পিকার পিটার এফ. ভ্যালোনের অধীনে কাজ করেছিলেন, এবং অবশেষে সিটি কাউন্সিলের প্রথম মহিলা ফিনান্স ডিরেক্টর হিসাবে কাজ করছেন। এই ভূমিকাতে তিনি নিউ ইয়র্ক সিটি কাউন্সিল (New York City Council) এবং মেয়রের অফিসের মধ্যকার বাজেট আলোচনার নেতৃত্ব দেন।

মাইকেল লিন্টন

মিঃ লিন্টন বর্তমানে স্ন্যাপ, ইনকর্পোরেটেড (Snap, Inc.), ওয়ার্নার মিউজিক গ্রুপ (Warner Music Group.), পিয়ারসন PLC. (Pearson, PLC.) এবং এরিস ম্যানেজমেন্ট, L.P.-র (Ares Management, L.P) বোর্ডে কাজ করেন। সোনি মিউজিক এন্টারটেইনমেন্ট (Sony Music Entertainment), সোনি/এটিভি মিউজিক পাবলিশিং (Sony/ATV Music Publishing) এবং সোনি পিকচার্স এন্টারটেইনমেন্ট (Sony Pictures Entertainment) সহ সোনির বিশ্বব্যাপী বিনোদন ব্যবসার তত্ত্বাবধানে এপ্রিল 2012 থেকে ফেব্রুয়ারী 2017 পর্যন্ত তিনি সোনি এন্টারটেনমেন্টের (Sony Entertainment) চিফ অপারেটিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। জানুয়ারী 2004 থেকে মাইকেল সোনি পিকচার্স এন্টারটেনমেন্টের সভাপতি ও চিফ একজিকিউটিভ অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। সোনি পিকচার্সে যোগ দেওয়ার আগে তিনি টাইম ওয়ার্নারের জন্য কাজ করেন এবং AOL ইউরোপের (AOL Europe) চিফ একজিকিউটিভ অফিসার, AOL ইন্টারন্যাশনালের (AOL International) প্রেসিডেন্ট এবং টাইম ওয়ার্নার ইন্টারন্যাশনালের (Time Warner International) প্রেসিডেন্ট হিসেবে কাজ করেন, এবং পূর্বে পিয়ার্সন পিএলসি-র পেঙ্গুইন গ্রুপের (Penguin Group) চেয়ারম্যান ও চিফ একজিকিউটিভ অফিসার হিসাবে দায়িত্ব পালন করেন, যেখানে তিনি পুটনাম ইঙ্কর্পোরেটেডের (Putnam, Inc.) অধিগ্রহণ তত্ত্বাবধান করেন এবং পেঙ্গুইন ব্র্যান্ডকে সঙ্গীতে এবং ইন্টারনেটে প্রসারিত করেন।

রন্ডা হারম্যান

মিজ হারম্যান 2008 সাল থেকে মেট্রো-নর্থ রেলরোড কমিউটার কাউন্সিলে (Metro-North Railroad Commuter Council) পরিষেবা প্রদান করেছেন। তিনি বর্তমানে অভ্যন্তরীণ রাজস্ব

পরিষেবাতে (Internal Revenue Service) কাজ করেন এবং ইনফর্মেশন সিস্টেমস (Information Systems), ক্ষুদ্র ব্যবসায়ের স্বঃপ্রযুক্তি (Small Business Self Employed) এবং মজুরি ও বিনিয়োগ বিভাগে (Wage & Investment Divisions) বিভিন্ন ব্যবস্থাপনার পদে আসীন থেকেছেন। তিনি 12 বছর গার্ল স্কাউট ট্রুপ লিডার ছিলেন এবং হোয়াইট প্লেইনস HS PTA-র (White Plains HS PTA) সহ-সভাপতি ছিলেন। তিনি এখন সিনিয়র পিটিএ স্কলারশিপ রিকগনিশন প্রোগ্রামের (Senior PTA Scholarship Recognition Program) সহ-সভাপতি হিসাবে কাজ করেন।

কেভিন ল্য

সেপ্টেম্বর 2010-এ লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা হন মিঃ ল্য, যা হল নিউ ইয়র্ক স্টেটের সব চেয়ে সম্মানিত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির মধ্যে একটি। এর আগে মিঃ ল্য লং আইল্যান্ড পাওয়ার অথোরিটির (Long Island Power Authority, LIPA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ছিলেন, যা 1.1 মিলিয়ন গ্রাহকসহ দেশের দ্বিতীয় বৃহত্তম পাবলিক ইউটিলিটি। 2011 সালে, মিঃ ল্যকে লং আইল্যান্ড আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Long Island Regional Economic Development Council) সহ-সভাপতি হিসেবে নিযুক্ত করেন গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, যা অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগের নেতৃত্ব দিচ্ছে এমন একটি বোর্ড। পূর্বে মিঃ ল্য নিক্সন পিবডি LLP (Nixon Peabody LLP)-র লং আইল্যান্ড অফিসের ম্যানেজিং পার্টনার ছিলেন। মিঃ ল্য উভয় গভর্নরের "ফিক্স এনওয়াইসি" উপদেষ্টা প্যানেলে ("Fix NYC" Advisory Panel) এবং MTA ট্রান্সপোর্টেশন রিইনভেনশন কমিশন (MTA Transportation Reinvention Commission), উভয় স্থানেই পরিষেবা প্রদান করেছেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন